Visit Our Website: all.talukdaracademy.com.bd

# বৃত্তি পরীক্ষার প্রশ্নের ধরনভিত্তিক অনুশীলন

## সুপার সাজেশন ও নিজেকে যাচাইসহ

বৃত্তি পরীক্ষায় সাফল্যের জন্য নির্দিষ্ট প্রশ্নকাঠামো অনুযায়ী প্রস্তুতি নেওয়া জরুরি। এখানে NAPE প্রদত্ত প্রশ্নের ধরনভিত্তিক প্রতিটি অধ্যায়ের গুরুত্বপূর্ণ প্রশ্ন ও উত্তর দেওয়া হয়েছে। সবশেষে সর্বাধিক গুরুত্বপূর্ণ প্রশ্নের নম্বর উল্লেখ করে সুপার সাজেশন দেওয়া হয়েছে। এগুলো ভালোভাবে অনুশীলন করলেই তোমার বৃত্তি পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন হবে।

প্রশ্নের ধরন ১

## বহুনির্বাচনি প্রশ্ন

*(৫টি প্রশ্ন থাকবে; সবগুলোর উত্তর দিতে হবে)* ১×৫ = ৫

### প্রথম অধ্যায় জলবায়ু পরিবর্তন

১. মিতু পত্রিকা পড়ে জানল, আগামীকাল দুপুরবেলা বায়ু শান্ত থাকবে। এটি আগামীকালের কীসের চিত্র? *(দক্ষতা)*
ক বৃষ্টিপাতের সম্ভাব্যতা খ জলবায়ু
গ সম্ভাব্য আবহাওয়া ঘ বাতাসের আর্দ্রতা **গ**

২. নিচের কোন উদাহরণটির মাধ্যমে সম্ভাব্য আবহাওয়ার চিত্র বোঝা যায়? *(দক্ষতা)*
ক রাতে বৃষ্টি হতে পারে খ কাল শুক্রবার
গ সমাবেশে অনেক মানুষ ঘ আকাশে বড়ো চাঁদ উঠেছে **ক**

৩. কোনো নির্দিষ্ট স্থানের স্বল্প সময়ের গড় তাপমাত্রা, বৃষ্টিপাত ও আর্দ্রতাকে কী বলা হয়? *(জ্ঞান)*
ক বায়ুর তাপমাত্রা খ জলবায়ু
গ আবহাওয়া ঘ আহ্নিক গতি **গ**

৪. জলবায়ুর হিসাবের জন্য কত বছরের আবহাওয়া পর্যবেক্ষণ করতে হয়? *(জ্ঞান) (প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; চাঁদপুর সদর)*
ক ২০-২৫ খ ৩০-৩৫
গ ৩৫-৪০ ঘ ৪০-৪৫ **খ**

৫. বাংলাদেশে কখন বৃষ্টি হয় এবং বাতাসে আর্দ্রতা বেশি থাকে? *(জ্ঞান)*
ক জানুয়ারি-ফেব্রুয়ারি মাসে খ মার্চ-এপ্রিল মাসে
গ জুন-জুলাই মাসে ঘ নভেম্বর-ডিসেম্বর মাসে **গ**

৬. কোন মাসগুলোতে বাংলাদেশে শীত পড়ে এবং বাতাসে আর্দ্রতা কম থাকে? *(জ্ঞান)*
ক মার্চ-এপ্রিল খ মে-জুন
গ অগাস্ট-সেপ্টেম্বর ঘ ডিসেম্বর-জানুয়ারি **ঘ**

৭. কোনো স্থানের দীর্ঘ সময়ের বায়ুর তাপমাত্রা, বৃষ্টিপাত, আর্দ্রতা ইত্যাদির গড় মানের হিসাবকে কী বলে? *(জ্ঞান)*
ক বার্ষিক গতি খ আবহাওয়া
গ বায়ুর মান ঘ জলবায়ু **ঘ**

৮. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-১; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; চাঁদপুর সদর; পাঁচলাইশ থানা, চট্টগ্রাম)*
ক তাপশক্তি খ সৌরশক্তি
গ প্রাকৃতিক গ্যাস ঘ বায়ুপ্রবাহ **গ**

৯. দৈনন্দিন কাজে অতিরিক্ত কয়লা, গ্যাস ব্যবহার করলে কী ঘটবে? *(দক্ষতা)*
ক ভূমিধস খ অনাবৃষ্টি
গ ভূমিকম্প ঘ জলবায়ুর পরিবর্তন **ঘ**

১০. জলবায়ু পরিবর্তনের কারণে তাপমাত্রার কী ধরনের পরিবর্তন হচ্ছে? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-২; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; পাঁচলাইশ থানা, চট্টগ্রাম)*
ক দ্রুত বাড়ছে খ কমে যাচ্ছে
গ একই রকম রয়েছে ঘ ধীরে ধীরে বাড়ছে **ঘ**

১১. পৃথিবীর তাপমাত্রা ধীরে ধীরে বৃদ্ধি পাচ্ছে কেন? *(দক্ষতা) (প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; চাঁদপুর সদর)*
ক যুদ্ধ-বিগ্রহের কারণে খ জলবায়ু পরিবর্তনের কারণে
গ খরার কারণে ঘ মরুভূমির কারণে **খ**

১২. আমরা প্রতিনিয়ত বন কেটে উজাড় করছি। এর ফলে কোনটি হতে পারে? *(দক্ষতা)*
ক জলবায়ু স্থিতিশীল থাকা খ পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি
গ পরিবেশ নির্মল থাকা ঘ জীববৈচিত্র্য সুরক্ষিত থাকা **খ**

১৩. সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বাড়ছে কেন? *(দক্ষতা)*
ক বেশি বৃষ্টিপাত হওয়ায় খ বন্যা বেড়ে যাওয়ায়
গ দুই মেরুর বরফ গলায় ঘ টর্নেডো বেড়ে যাওয়ায় **গ**

১৪. আমাদের দেশে সম্প্রতি বন্যা, খরা, ঘূর্ণিঝড় প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ বেড়ে যাওয়ার কারণ কী? *(দক্ষতা)*
ক পৃথিবীর পরিধি কমে যাওয়া
খ পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি
গ জনসংখ্যা বৃদ্ধি
ঘ পৃথিবীর গতি বৃদ্ধি **খ**

১৫. লবণাক্ত পানি প্রবেশ করে রহিম সাহেবের কৃষিজমির ব্যাপক ক্ষতি হয়েছে। এর কারণ কী? *(দক্ষতা)*
ক অতিরিক্ত বন্যা খ ভূমিকম্প
গ জমি নিচু হয়ে যাওয়া ঘ সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি **ঘ**

১৬. ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাচ্ছে কেন? *(দক্ষতা)*
ক অতিরিক্ত বন্যার জন্য
খ অধিক পানি ব্যবহারের ফলে
গ কম পানি ব্যবহারের ফলে
ঘ পানির লবণাক্ততা বেড়ে যাওয়ায় **খ**

১৭. সোনাপুর অঞ্চলের ফসলের মাঠগুলো শুকিয়ে যাচ্ছে। এমনটি ঘটার কারণ কী বলে তুমি মনে কর? *(দক্ষতা)*
ক টর্নেডো খ কম বৃষ্টিপাত
গ বেশি সার ব্যবহার ঘ কৃষকদের অবহেলা **খ**

১৮. ভবিষ্যতে অনেক এলাকা পানির নিচে স্থায়ীভাবে তলিয়ে যেতে পারে কেন? *(দক্ষতা)*
ক বন্যার কারণে
খ জলোচ্ছ্বাসের কারণে
গ সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধির কারণে
ঘ ভূমিকম্পের কারণে **গ**

১৯. কৃষিকাজে প্রয়োজনীয় সেচের পানি না পাওয়ার মূল কারণ কী? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-৩)*
ক সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বেড়ে যাওয়া
খ পৃথিবীর তাপমাত্রা বৃদ্ধি পাওয়া
গ ভূগর্ভস্থ পানির স্তর নিচে নেমে যাওয়া
ঘ দুই মেরুর বরফ গলে যাওয়া **গ**

২০. গরমের কারণে তুমি ঘরে এসি বা ফ্যান চালিয়ে রেখেছ। ঘর থেকে বের হওয়ার সময় কী করবে? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
ক এসি/ফ্যান চালু রাখব যাতে ঘর ঠান্ডা থাকে
খ এসি/ফ্যান বন্ধ করে দেবো
গ এ বিষয়ে মনোযোগ দেবো না
ঘ অন্য কাউকে বন্ধ করতে বলব **খ**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



২১. নিচের কোনটি জীবাশ্ম জ্বালানি অতিরিক্ত ব্যবহারের ফলাফল হিসেবে প্রযোজ্য? *(দক্ষতা)*
ক বৃষ্টিপাত হওয়া
খ পরিবেশ নির্মল থাকা
গ বায়ুতে কার্বন ডাইঅক্সাইড বেড়ে যাওয়া
ঘ জীববৈচিত্র্য সুরক্ষিত থাকা
**গ**

২২. দোকানদার তোমাকে পলিথিন ব্যাগে পণ্য দিলেন। তুমি কী করবে? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি) [প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; চাঁদপুর সদর]*
ক কাগজ বা কাপড়ের ব্যাগে দিতে বলব
খ দোকানদারের সাথে রাগারাগি করব
গ পণ্য না কিনে ফিরে আসব
ঘ পলিথিন ব্যাগেই পণ্য নিয়ে আসব
**ক**

২৩. অঞ্জলীদের বাসায় বিভিন্ন কাজে বায়োগ্যাস ব্যবহার করা হয়। তারা এ গ্যাস পায় কোথা থেকে? *(দক্ষতা)*
ক বর্জ্য থেকে　　খ মাটি থেকে
গ বৃষ্টির পানি থেকে　　ঘ চাঁদের আলো থেকে
**ক**

২৪. নিচের কোনটি নবায়নযোগ্য শক্তির বড়ো উৎস? *(জ্ঞান)*
ক প্রাকৃতিক গ্যাস　　খ কয়লা
গ বায়োগ্যাস　　ঘ অকটেন
**গ**

২৫. বায়ুতে ক্রমাগত কার্বন ডাইঅক্সাইডের পরিমাণ বেড়ে যাচ্ছে। এক্ষেত্রে আমাদের করণীয় কী? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
ক তেল, গ্যাসের ব্যবহার বন্ধ করব
খ বেশি করে গাছ লাগাব
গ কম পানি ব্যবহার করব
ঘ পরিবেশ নোংরা করব না
**খ**

## দ্বিতীয় অধ্যায় আমরা মানুষ

২৬. শ্রেণিকক্ষে প্রবেশের ক্ষেত্রে সিঁড়ির পাশাপাশি র‍্যাম্প রাখা হয় কাদের জন্য? *(দক্ষতা)*
ক শারীরিক সমস্যাগ্রস্ত শিক্ষার্থীর জন্য
খ দৃষ্টি প্রতিবন্ধিতায় আক্রান্ত শিক্ষার্থীর জন্য
গ অটিস্টিক শিক্ষার্থীর জন্য
ঘ বুদ্ধি প্রতিবন্ধিতায় আক্রান্ত শিক্ষার্থীর জন্য
**ক**

২৭. কানে কম শুনলে বা না শুনলে কোনটি ব্যবহার করতে হয়? *(জ্ঞান)*
ক র‍্যাম্প　　খ হিয়ারিং এইড
গ স্ক্রাচ　　ঘ চশমা
**খ**

২৮. কোনো কিছু ভালোভাবে দেখতে হলে মিলার চশমার প্রয়োজন হয়। সে কোন ধরনের প্রতিবন্ধিতায় আক্রান্ত? *(দক্ষতা)*
ক বুদ্ধি　　খ শ্রবণ
গ শারীরিক　　ঘ দৃষ্টি
**ঘ**

২৯. তোমার একজন বন্ধুর পায়ে কিছুটা সমস্যা আছে। সে খেলতে আসলে তুমি কী করবে? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
ক অন্য কারও সাথে খেলতে বলব
খ অপেক্ষা করতে বলব
গ খেলায় নেবো না
ঘ খেলায় নেবো
**ঘ**

৩০. চলাচলের জন্য কাদের হুইল চেয়ার, স্ক্রাচ, র‍্যাম্প ইত্যাদির প্রয়োজন হয়? *(জ্ঞান)*
ক বুদ্ধি প্রতিবন্ধিতায় আক্রান্তদের
খ শ্রবণ প্রতিবন্ধিতায় আক্রান্তদের
গ শারীরিক প্রতিবন্ধিতায় আক্রান্তদের
ঘ বাক প্রতিবন্ধিতায় আক্রান্তদের
**গ**

৩১. কোন প্রতিবন্ধিতায় আক্রান্ত শিক্ষার্থীর জন্য উপযোগী টয়লেট ও শ্রেণিকক্ষে বসার বিশেষ ব্যবস্থা রাখা উচিত? *(দক্ষতা)*
ক শারীরিক　　খ অটিস্টিক
গ দৃষ্টি　　ঘ বাক
**ক**

৩২. তোমার এক সহপাঠী চোখে কম দেখে। শ্রেণিতে তার প্রতি তোমার আচরণ কী হবে? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
ক শ্রেণিকক্ষে সামনে বসার ব্যবস্থা করা
খ সহজ ভাষায় কথা বলা
গ মনোভাব বুঝে সাড়া দেওয়া
ঘ অতিরিক্ত সময় দেওয়া
**ক**

৩৩. 'একই কাজ বারবার করার প্রবণতা' নিচের কোন ধরনের শিশুর বৈশিষ্ট্য? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-১; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; পাঁচলাইশ থানা, চট্টগ্রাম)*
ক শারীরিক সমস্যাগ্রস্ত　　খ অটিস্টিক
গ বুদ্ধিগত সমস্যাগ্রস্ত　　ঘ শ্রবণ সমস্যাগ্রস্ত
**খ**

৩৪. কোন ধরনের সমস্যাগ্রস্ত শিশুর একটি নির্দিষ্ট বস্তুর প্রতি প্রবল আকর্ষণ থাকে? *(জ্ঞান)*
ক শ্রবণ সমস্যাগ্রস্ত　　খ অটিস্টিক
গ বাক সমস্যাগ্রস্ত　　ঘ বুদ্ধি সমস্যাগ্রস্ত
**খ**

৩৫. তোমার একজন সহপাঠী অটিস্টিক। তুমি তার সাথে কী করবে? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
ক তাকে এড়িয়ে চলব　　খ বন্ধুত্বপূর্ণ আচরণ করব
গ অতিরিক্ত সময় দেবো　　ঘ তার সাথে মজা করব
**খ**

৩৬. কথা বলার সময় কোন ধরনের সমস্যাগ্রস্তের সাথে জটিল শব্দ ব্যবহার করা উচিত নয়? *(দক্ষতা)*
ক শারীরিক　　খ বাক
গ অটিস্টিক　　ঘ দৃষ্টি
**গ**

৩৭. "অনেক সময় নিয়ে কাজ করে এবং তার চেয়ে কমবয়সি শিশুর মতো আচরণ করে"— এটি কোন ধরনের শিশুর বৈশিষ্ট্য? *(জ্ঞান)*
ক শারীরিক সমস্যাগ্রস্ত　　খ অটিস্টিক
গ দৃষ্টি সমস্যাগ্রস্ত　　ঘ বুদ্ধি সমস্যাগ্রস্ত
**ঘ**

৩৮. তুমি কোন ধরনের সমস্যায় আক্রান্ত শিশুদের আলাদা ও অতিরিক্ত সময় দেবে? *(দক্ষতা)*
ক অটিস্টিক　　খ বুদ্ধি
গ বাক　　ঘ শ্রবণ
**খ**

৩৯. চিত্র বা ভিডিয়ো দেখিয়ে সহযোগিতা করা যায় কোন ধরনের সমস্যাগ্রস্ত শিশুদের? *(দক্ষতা)*
ক বাক　　খ দৃষ্টি
গ শ্রবণ　　ঘ বুদ্ধি
**গ**

৪০. তোমার পরিবারে একজন সদস্যের সাথে কথা বলার সময় তাকে ইশারা ও অঙ্গভঙ্গির সাহায্যে বোঝানোর চেষ্টা কর। তিনি কোন প্রতিবন্ধিতায় আক্রান্ত? *(দক্ষতা)*
ক বুদ্ধি　　খ বাক
গ দৃষ্টি　　ঘ শ্রবণ
**ঘ**

৪১. কথা বলতে না পারা বা বলায় জড়তা থাকাকে কী বলে? *(জ্ঞান)*
ক শ্রবণ প্রতিবন্ধিতা　　খ বুদ্ধি প্রতিবন্ধিতা
গ অটিস্টিক　　ঘ বাক প্রতিবন্ধিতা
**ঘ**

৪২. সাবিহা বাক প্রতিবন্ধিতায় আক্রান্ত। তার সহপাঠীরা তাকে সহযোগিতা করতে পারে কীভাবে? *(দক্ষতা)*
ক তাকে বোঝার চেষ্টা করে　　খ সামনে বসতে দিয়ে
গ দ্রুত কথা বলে　　ঘ তাকে আলাদা সময় দিয়ে
**ক**

৪৩. কোন ধরনের পরিবেশে ছেলেমেয়েরা নিজেদেরকে যেকোনো প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে প্রস্তুত করতে পারে? *(জ্ঞান)*
ক বাড়ির পরিবেশে　　খ সমতাভিত্তিক শিখন পরিবেশে
গ আত্মীয়বেষ্টিত পরিবেশে　　ঘ বিদ্যালয়ের পরিবেশে
**খ**

৪৪. বিদ্যালয়ে কাজের পরিবেশ সুন্দর রাখতে তুমি কী করবে? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
ক একা একা কাজ করবে
খ নিজের বুদ্ধিমতো কাজ করবে
গ শিক্ষকের ইচ্ছা অনুযায়ী কাজ করবে
ঘ মিলেমিশে কাজ করবে
**ঘ**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৪৫. 'ক' প্রাথমিক বিদ্যালয়ে কোনো শিক্ষার্থী নিজেকে অবহেলিত মনে করে না। বিদ্যালয়টিতে এমন পরিবেশ থাকার কারণ কী? *(দক্ষতা)*
ⓚ সমতাভিত্তিক শিখন পরিবেশ
ⓚ কঠোর আইন
ⓖ অভিভাবকদের আন্তরিকতা
ⓖ খেলাধুলার পরিবেশ থাকা
(ক)

৪৬. শিক্ষার্থীরা একে অপরের সুবিধা-অসুবিধা চিন্তা করতে পারে— বিদ্যালয়ে এমন পরিবেশ নিশ্চিত করতে করণীয় কী? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
ক আত্মীয়তার সম্পর্ক গড়ে তোলা
খ আনন্দ-বিনোদনমূলক অনুষ্ঠান করা
গ সমতাভিত্তিক শিখন পরিবেশ গড়ে তোলা
ঘ কঠোর নিয়ম-কানুন চালু করা
(গ)

৪৭. সমতাভিত্তিক শিখন পরিবেশে ছেলেমেয়ে উভয়ের মধ্যে কী তৈরি হয়? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-২; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; পাঁচলাইশ থানা, চট্টগ্রাম)*
ক হতাশা খ নিরাপত্তাবোধ
গ অসহযোগিতার মনোভাব ঘ একাকিত্ব
(খ)

## তৃতীয় অধ্যায় বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠী

৪৮. নিচের কোন অঞ্চলে গারো নৃগোষ্ঠী বসবাস করে? *(জ্ঞান)*
ক সিলেট ও হবিগঞ্জ খ ময়মনসিংহ ও নেত্রকোনা
গ চট্টগ্রাম ও বান্দরবান ঘ বরিশাল ও পটুয়াখালী
(খ)

৪৯. গারোদের বিশেষভাবে তৈরি ঘরের নাম কী? *(জ্ঞান)*
ক আচিক খ দকবান্দা
গ সাংসারেক ঘ নকমান্দি
(ঘ)

৫০. গারোদের নিজস্ব ভাষা কোনটি? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-১; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; পাঁচলাইশ থানা, চট্টগ্রাম)*
ক আচিক খ মনখেমে
গ কুরুখ ঘ সাদরি
(ক)

৫১. হেলেনা তালাং 'আচিক' ভাষায় কথা বলেন। তিনি কোন নৃগোষ্ঠীর সদস্য? *(দক্ষতা)*
ক গারো খ সাঁওতাল
গ ম্রো ঘ ওঁরাও
(ক)

৫২. রচিতা নকরেকদের গোষ্ঠীর সমাজব্যবস্থা মাতৃতান্ত্রিক। সে কোন নৃগোষ্ঠীর সদস্য? *(দক্ষতা)*
ক সাঁওতাল খ ওঁরাও
গ ম্রো ঘ গারো
(ঘ)

৫৩. গারোদের আদি ধর্মের নাম কী? *(জ্ঞান)*
ক তোরাই খ ক্রামা
গ সাংসারেক ঘ দংরেক
(গ)

৫৪. বর্তমানে গারোদের বেশিরভাগ কোন ধর্মাবলম্বী? *(জ্ঞান)*
ক ইসলাম খ হিন্দু
গ বৌদ্ধ ঘ খ্রিষ্ট
(ঘ)

৫৫. পহেলা বৈশাখের একটি অনুষ্ঠানে নারীরা 'দকবান্দা' ও 'দকসারি' নামক ঐতিহ্যবাহী পোশাক পরে নৃত্য পরিবেশন করে। তারা কোন নৃগোষ্ঠীর সদস্য? *(দক্ষতা)*
ক ওঁরাও খ খাসি
গ গারো ঘ সাঁওতাল
(গ)

৫৬. গারোদের ঐতিহ্যবাহী উৎসবের নাম কী? *(জ্ঞান)*
ক ওয়ানগালা খ সেং কুটস্নেম
গ সোহরাই ঘ কারাম
(ক)

৫৭. কারা দেবতা সালজং-এর প্রতি নতুন শস্য উৎসর্গ করে? *(জ্ঞান)*
ক খাসিরা খ ম্রোরা
গ সাঁওতালরা ঘ গারোরা
(ঘ)

৫৮. সিলেট বিভাগের বিভিন্ন এলাকায় নিচের কোন নৃগোষ্ঠী বসবাস করে? *(জ্ঞান)*
ক গারো খ খাসি
গ ওঁরাও ঘ ম্রো
(খ)

৫৯. কোন নৃগোষ্ঠী তাদের গ্রামকে 'পুঞ্জি' বলে? *(জ্ঞান)*
ক সাঁওতাল খ ম্রো
গ ওঁরাও ঘ খাসি
(ঘ)

৬০. খাসি জনগোষ্ঠীর সমাজব্যবস্থা কীরূপ? *(জ্ঞান)*
ক পিতৃতান্ত্রিক খ মাতৃতান্ত্রিক
গ নয়াবাস ঘ পিতৃসূত্রীয়
(খ)

৬১. কোন নৃগোষ্ঠীর সদস্যরা বাড়িতে অতিথি এলে পান-সুপারি ও চা দিয়ে আপ্যায়ন করে? *(জ্ঞান)*
ক গারো খ খাসি
গ ওঁরাও ঘ সাঁওতাল
(খ)

৬২. লেনা মাইলিয়ামদের নিজস্ব ভাষার নাম মনখেমে। সে কোন নৃগোষ্ঠীর সদস্য? *(দক্ষতা)*
ক গারো খ খাসি
গ ম্রো ঘ সাঁওতাল
(খ)

৬৩. খাসি জনগোষ্ঠীর প্রধান দেবতার নাম কী? *(জ্ঞান)*
ক উব্লাই নাংথউ খ ধার্মেশ
গ থোরাই ঘ বোঙ্গা
(ক)

৬৪. তোমার একজন সহপাঠী তাদের ঐতিহ্যবাহী পোশাক 'কাজিম পিন' পরে বিদ্যালয়ের অনুষ্ঠানে এসেছে। সে কোন নৃগোষ্ঠীর সদস্য? *(দক্ষতা)*
ক খাসি খ গারো
গ সাঁওতাল ঘ ম্রো
(ক)

৬৫. খাসি পুরুষদের ঐতিহ্যবাহী পোশাকের নাম কী? *(জ্ঞান)*
ক দকসারি খ দংরেক
গ ফুংগ মারুং ঘ ওয়াক্লাই
(গ)

৬৬. খাসি নৃগোষ্ঠীর বর্ষবিদায় উৎসবটির নাম কী? *(জ্ঞান)*
ক কারাম খ ওয়ানগালা
গ চাংক্রান ঘ সেং কুটস্নেম
(ঘ)

৬৭. রাজশাহী, রংপুর ও দিনাজপুর অঞ্চলে কোন নৃগোষ্ঠী বসবাস করে? *(দক্ষতা)*
ক খাসি খ ওঁরাও
গ চাকমা ঘ ম্রো
(খ)

৬৮. ওঁরাওদের সমাজব্যবস্থা কীরূপ? *(জ্ঞান)*
ক পিতৃতান্ত্রিক খ মাতৃতান্ত্রিক
গ মাতৃসূত্রীয় ঘ নয়াবাস
(ক)

৬৯. ওঁরাওদের প্রধান দেবতার নাম কী? *(জ্ঞান)*
ক থোরাই খ ধার্মেশ
গ উব্লাই নাংথউ ঘ বোঙ্গা
(খ)

৭০. তজংদের নিজস্ব ভাষার নাম কুড়ুখ ও সাদরি। সে কোন নৃগোষ্ঠীর সদস্য *(দক্ষতা)*
ক ওঁরাও খ খাসি
গ সাঁওতাল ঘ ম্রো
(ক)

৭১. ওঁরাওদের প্রধান উৎসব 'কারাম' কোন মাসে পালন করা হয়? *(জ্ঞান)*
ক ভাদ্র খ আশ্বিন
গ কার্তিক ঘ অগ্রহায়ণ
(ক)

৭২. নিচের কোন নৃগোষ্ঠী বান্দরবান জেলায় বসবাস করে? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-২; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; পাঁচলাইশ থানা, চট্টগ্রাম)*
ক গারো খ খাসি
গ ম্রো ঘ সাঁওতাল
(গ)

৭৩. ম্রো পরিবারের ধরন কীরূপ? *(জ্ঞান)*
ক মাতৃতান্ত্রিক খ পিতৃতান্ত্রিক
গ মাতৃসূত্রীয় ঘ যৌথ
(খ)



Talukdar Academy

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



৭৪. ম্রোরা কোন ধর্মের অনুসারী? (জ্ঞান)
ক খ্রিষ্ট খ ইসলাম
গ হিন্দু ঘ বৌদ্ধ — ঘ

৭৫. থুকপাং লারাম ম্রো জনগোষ্ঠীর সদস্য। তারা সৃষ্টিকর্তাকে কী নামে ডাকে? (দক্ষতা)
ক থোরাই খ উন্নাই নাংথউ
গ ধার্মেশ ঘ সাংসারেক — ক

৭৬. বর্তমানে কোন জনগোষ্ঠীর অনেক সদস্য ক্রামা এবং খ্রিষ্টধর্ম পালন করছে? (জ্ঞান)
ক সাঁওতাল খ ওঁরাও
গ খাসি ঘ ম্রো — ঘ

৭৭. ম্রো জনগোষ্ঠী যেকোনো তরকারি রান্না করতে কী ব্যবহার করে? (জ্ঞান)
ক নাপ্পি খ পাঞ্জি
গ পাড়হাট ঘ সিপ্পৌ — ক

৭৮. নিচের কোন নৃগোষ্ঠী বর্তমানে জুম চাষের বদলে ফলজ বাগাননির্ভর হয়ে পড়েছে? (দক্ষতা)
ক গারো খ খাসি
গ ওঁরাও ঘ ম্রো — ঘ

৭৯. তোমার একজন ম্রো সহপাঠী তাদের ঐতিহ্যবাহী পোশাক পরে বিদ্যালয়ে এসেছে। তুমি তার সাথে কী আচরণ করবে? (মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)
ক তাকে বাঙালিদের পোশাক পরে আসতে বলব
খ ভবিষ্যতে তাকে এ ধরনের পোশাক পরতে নিষেধ করব
গ তার পোশাকের ধরন নিয়ে হাসাহাসি করব
ঘ তার পোশাক পরার বিষয়ে শ্রদ্ধা প্রদর্শন করব — ঘ

৮০. ম্রো নারীদের ঐতিহ্যবাহী পোশাকের নাম কী? (জ্ঞান)
ক কাজিম পিন খ পানচি
গ ওয়াংক্লাই ঘ দকবান্দা — গ

৮১. ম্রোরা বর্ষবরণের জন্য কোন উৎসবটি পালন করে? (জ্ঞান)
ক কারাম খ চাংক্রান
গ সেং কুটস্নেম ঘ সোহরাই — খ

৮২. লুথাং-এর বয়স ৩ বছর হলে গোত্রীয় রীতি অনুযায়ী তার কান ছিদ্র করে দেওয়া হয়েছে। সে কোন নৃগোষ্ঠীর সদস্য? (দক্ষতা)
ক ওঁরাও খ গারো
গ ম্রো ঘ খাসি — গ

৮৩. সাঁওতাল নৃগোষ্ঠী নিচের কোন জেলায় বসবাস করে? (জ্ঞান)
ক পটুয়াখালী খ বান্দরবান
গ সিলেট ঘ চাঁপাইনবাবগঞ্জ — ঘ

৮৪. সাঁওতালদের প্রধান উৎসব— (বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-৩; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; পাঁচলাইশ থানা, চট্টগ্রাম)
ক চাংক্রান খ সোহরাই
গ কারাম ঘ ওয়ানগালা — খ

৮৫. সাঁওতালদের প্রধান পেশা কী? (জ্ঞান)
ক ব্যবসা খ চাকরি
গ কৃষি ঘ ঐতিহ্যবাহী পোশাক তৈরি — গ

৮৬. তোমাদের বাসায় একজন সাঁওতাল নারী তার ঐতিহ্যবাহী পোশাক পরে এসেছেন। পোশাকটির নাম কী? (দক্ষতা)
ক পানচি ও পাড়হাট খ দকবান্দা ও দকসারি
গ থামি ও আঙ্গি ঘ ওয়াংক্লাই — ক

৮৭. ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক বৈশিষ্ট্যের প্রতি আমরা কেমন মনোভাব দেখাব? (মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)
ক শ্রদ্ধা পোষণ করব
খ এড়িয়ে চলব
গ উদাসীন ভাব দেখাব
ঘ নিজেদের সংস্কৃতি বলে গ্রহণ করব — ক

## চতুর্থ অধ্যায় — আমাদের স্মরণীয় নেতা

৮৮. কাকে 'শেরে বাংলা' বলা হতো? (জ্ঞান)
ক মওলানা ভাসানী খ এ কে ফজলুল হক
গ শহীদ সোহরাওয়ার্দী ঘ তাজউদ্দীন আহমদ — খ

৮৯. 'শেরে বাংলা' অর্থ কী? (জ্ঞান)
ক বাংলার বাঘ খ বাংলার সিংহ
গ নির্যাতিতের নেতা ঘ গণমানুষের নেতা — ক

৯০. এ কে ফজলুল হককে 'শেরে বাংলা' বলা হতো কেন? (দক্ষতা)
ক শক্তিশালী ছিলেন বলে
খ সাহস ও দৃঢ় মনোভাবের জন্য
গ শারীরিক গঠনের জন্য
ঘ বাংলার মানুষের নেতা ছিলেন বলে — খ

৯১. আবুল কাশেম ফজলুল হক কত সালে জন্মগ্রহণ করেন? (জ্ঞান)
ক ১৮৭৩ খ ১৮৭৫
গ ১৮৮০ ঘ ১৮৯২ — ক

৯২. শেরে বাংলা কোন জেলায় জন্মগ্রহণ করেন? (জ্ঞান)
ক বরিশাল খ সিরাজগঞ্জ
গ ফরিদপুর ঘ খুলনা — ক

৯৩. এ কে ফজলুল হক কোন বিশ্ববিদ্যালয় থেকে গণিত শাস্ত্রে এমএ ডিগ্রি লাভ করেন? (জ্ঞান)
ক ঢাকা বিশ্ববিদ্যালয় খ বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়
গ টোকিও বিশ্ববিদ্যালয় ঘ কলকাতা বিশ্ববিদ্যালয় — ঘ

৯৪. শেরে বাংলা এ কে ফজলুল হক কর্মজীবন শুরু করেন কোন পেশার মাধ্যমে? (জ্ঞান)
ক শিক্ষকতা খ ব্যবসা
গ চাকরি ঘ আইন — ঘ

৯৫. মিথিলার দাদু তাকে বললেন, বাংলার একজন নেতা 'কৃষক-প্রজা পার্টি' গঠন করেছিলেন। তিনি কার কথা বললেন? (দক্ষতা)
ক হোসেন শহীদ সোহরাওয়ার্দী
খ মওলানা আবদুল হামিদ খান ভাসানী
গ শেরে বাংলা এ কে ফজলুল হক
ঘ শেখ মুজিবুর রহমান — গ

৯৬. শেরে বাংলা এ কে ফজলুল হক 'কৃষক-প্রজা পার্টি' গঠন করেন কত সালে? (জ্ঞান)
ক ১৯৩৩ খ ১৯৩৪
গ ১৯৩৫ ঘ ১৯৩৬ — গ

৯৭. অবিভক্ত বাংলার প্রথম নির্বাচিত প্রধানমন্ত্রী কে? (বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-১; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৬; পাঁচলাইশ থানা, চট্টগ্রাম)
ক শেরে বাংলা এ কে ফজলুল হক
খ মওলানা আবদুল হামিদ খান ভাসানী
গ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ঘ শেখ মুজিবুর রহমান — ক

৯৮. এ কে ফজলুল হক অবিভক্ত বাংলার জমিদারি ব্যবস্থা বাতিল করেন কেন? (দক্ষতা)
ক ইংরেজদের খুশি করতে
খ বাংলার কৃষকদের দুঃখ দূর করতে
গ বাংলাকে জমিদারমুক্ত করতে
ঘ নিজের প্রাধান্য বজায় রাখতে — খ

৯৯. মহাজনদের ঋণের অত্যাচার থেকে কৃষকদের বাঁচাতে শেরে বাংলা কোন বোর্ড গঠন করেন? (জ্ঞান)
ক ঋণ মুক্তি বোর্ড খ কৃষক সালিশি বোর্ড
গ ঋণ সালিশি বোর্ড ঘ কৃষক মুক্তি বোর্ড — গ

১০০. বাংলায় মাদ্রাসা শিক্ষার নতুন কাঠামো তৈরিতে প্রশংসনীয় ভূমিকা রেখেছিলেন কে? (জ্ঞান)
ক শেরে বাংলা এ কে ফজলুল হক
খ মওলানা আবদুল হামিদ খান ভাসানী
গ হোসেন শহীদ সোহরাওয়ার্দী
ঘ শেখ মুজিবুর রহমান — ক



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



**১০১. আরদুল্লাহ এদেশের মজলুম জননেতার আদর্শে রাজনীতি করার ইচ্ছা পোষণ করে। সে কার আদর্শে উজ্জীবিত?** *(দক্ষতা)*
(ক) এ কে ফজলুল হক (খ) শহীদ সোহ্‌রাওয়ার্দী
(গ) তাজউদ্দীন আহমদ (ঘ) মওলানা ভাসানী — **ঘ**

**১০২. মজলুম শব্দের অর্থ কী?** *(জ্ঞান)*
(ক) ক্ষুধিত বা ক্ষুধার্ত (খ) নির্যাতিত বা নিপীড়িত
(গ) অবহেলিত (ঘ) অত্যাচারী — **খ**

**১০৩. মওলানা আবদুল হামিদ খান ভাসানী কী হিসেবে সর্বাধিক পরিচিত?** *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-২; প্রথম প্রান্তিক মূল্যায়ন ২০২৫; চাঁদপুর সদর, চাঁদপুর; পাঁচলাইশ থানা, চট্টগ্রাম)*
(ক) বাংলার বাঘ (খ) মজলুম জননেতা
(গ) অবিসংবাদী নেতা (ঘ) রাজনীতিবিদ — **খ**

**১০৪. কোন নেতা সারাজীবন নির্যাতিত মানুষের জন্য কাজ করেছেন?** *(জ্ঞান)*
(ক) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী (খ) শেখ মুজিবুর রহমান
(গ) মওলানা ভাসানী (ঘ) এ কে ফজলুল হক — **গ**

**১০৫. মওলানা ভাসানী কত সালে জন্মগ্রহণ করেন?** *(জ্ঞান)*
(ক) ১৮৭৩ (খ) ১৮৮০
(গ) ১৮৯২ (ঘ) ১৯২০ — **খ**

**১০৬. মওলানা আবদুল হামিদ খান ভাসানী কোন জেলায় জন্মগ্রহণ করেন?** *(জ্ঞান)*
(ক) ফরিদপুর (খ) বরিশাল
(গ) রাজশাহী (ঘ) সিরাজগঞ্জ — **ঘ**

**১০৭. নিচের কোন নেতা প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হিসেবে কর্মজীবন শুরু করেন?** *(জ্ঞান)*
(ক) এ কে ফজলুল হক
(খ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী
(গ) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী
(ঘ) শেখ মুজিবুর রহমান — **খ**

**১০৮. মওলানা আবদুল হামিদ খান ভাসানীর রাজনৈতিক জীবনের সূচনা হয় কত সালে?** *(জ্ঞান)*
(ক) ১৯১৮ (খ) ১৯১৯
(গ) ১৯২০ (ঘ) ১৯২১ — **খ**

**১০৯. মওলানা ভাসানী ত্রিশের দশকের শেষ দিকে বাঙালিদের স্বার্থ রক্ষার জন্য আন্দোলন শুরু করেন কোথায়?** *(জ্ঞান)*
(ক) বরিশালের বাকেরগঞ্জে (খ) পশ্চিমবঙ্গের মেদিনীপুরে
(গ) আসামের ঘাগমারায় (ঘ) সিরাজগঞ্জের ভাসানচরে — **গ**

**১১০. মওলানা ভাসানী মুসলিম লীগে যোগ দেন কত সালে?** *(জ্ঞান)*
(ক) ১৯৩৬ (খ) ১৯৩৭
(গ) ১৯৩৮ (ঘ) ১৯৪০ — **খ**

**১১১. নিচের কোন নেতা উনসত্তরের গণঅভ্যুত্থান ও বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন?** *(জ্ঞান)*
(ক) মওলানা ভাসানী
(খ) শেরে বাংলা এ কে ফজলুল হক
(গ) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী
(ঘ) শেখ মুজিবুর রহমান — **ক**

**১১২. মওলানা ভাসানীর আদর্শে উজ্জীবিত হয়ে তুমি কোন ধরনের সমাজ গঠনে উদ্যোগী হবে?** *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
(ক) পুঁজিবাদী সমাজ (খ) বৈষম্যহীন সমাজ
(গ) উন্নত সমাজ (ঘ) শিক্ষিত সমাজ — **খ**

**১১৩. ভারতের 'ফারাক্কা বাঁধ' নির্মাণের প্রতিবাদে ফারাক্কা অভিমুখে লং মার্চ কর্মসূচি সংগঠিত করেছিলেন কে?** *(জ্ঞান)*
(ক) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী
(খ) শেখ মুজিবুর রহমান
(গ) শেরে বাংলা এ কে ফজলুল হক
(ঘ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী — **ঘ**

**১১৪. মওলানা ভাসানী মৃত্যুবরণ করেন কখন?** *(জ্ঞান)*
(ক) ১৯৬২ সালের ২৪শে এপ্রিল
(খ) ১৯৬৩ সালের ৫ই ডিসেম্বর
(গ) ১৯৭৬ সালের ১৭ই নভেম্বর
(ঘ) ১৯৭৫ সালের ১৫ই আগস্ট — **গ**

**১১৫. নিচের কাকে অবিভক্ত বাংলার একজন প্রতিভাবান রাজনীতিবিদ হিসেবে গণ্য করা হয়?** *(জ্ঞান)*
(ক) শেখ মুজিবুর রহমান
(খ) শেরে বাংলা এ কে ফজলুল হক
(গ) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী
(ঘ) মওলানা ভাসানী — **গ**

**১১৬. হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী কত সালে জন্মগ্রহণ করেন?** *(জ্ঞান)*
(ক) ১৮৮০ (খ) ১৮৯২
(গ) ১৮৭৩ (ঘ) ১৯২০ — **খ**

**১১৭. নিচের কোন নেতা মেহনতি মানুষের জন্য প্রায় ৩৬টি ট্রেড ইউনিয়ন সংগঠন গড়ে তুলেছিলেন?** *(জ্ঞান)*
(ক) শেখ মুজিবুর রহমান
(খ) শেরে বাংলা এ কে ফজলুল হক
(গ) মওলানা আবদুল হামিদ খান ভাসানী
(ঘ) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী — **ঘ**

**১১৮. কত সালের নির্বাচনে যুক্তফ্রন্টের কাছে মুসলিম লীগ পরাজিত হয়?** *(জ্ঞান)*
(ক) ১৯৪৭ (খ) ১৯৫৪
(গ) ১৯৪৮ (ঘ) ১৯৫৫ — **খ**

**১১৯. যুক্তফ্রন্ট গঠনে প্রধান ভূমিকা পালন করেন কে?** *(জ্ঞান)*
(ক) শেরে বাংলা এ কে ফজলুল হক
(খ) মওলানা ভাসানী
(গ) হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী
(ঘ) শেখ মুজিবুর রহমান — **গ**

**১২০. হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দীর আদর্শ অনুযায়ী জনাব শাহীন রাজনীতিতে কোনটি প্রতিষ্ঠার চেষ্টা করবেন?** *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
(ক) একাধিক দল গঠন
(খ) দলীয় সংহতি ও ঐক্য বজায় রাখা
(গ) একটি দল প্রতিষ্ঠা
(ঘ) শিক্ষিত মানুষ নিয়ে দল গঠন — **খ**

**১২১. শেখ মুজিবুর রহমান ছয় দফা দাবি পেশ করেন কত সালে?** *(জ্ঞান)*
(ক) ১৯৬৩ (খ) ১৯৬৪
(গ) ১৯৬৫ (ঘ) ১৯৬৬ — **ঘ**

**১২২. পাকিস্তানের প্রথম সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় কত সালে?** *(জ্ঞান)*
(ক) ১৯৫৪ (খ) ১৯৬২
(গ) ১৯৬৬ (ঘ) ১৯৭০ — **ঘ**

**১২৩. শেখ মুজিবুর রহমান তাঁর ঐতিহাসিক ভাষণ দেন কখন?** *(জ্ঞান)*
(ক) ১৯৭০ সালের ৭ই মার্চ (খ) ১৯৭১ সালের ২রা মার্চ
(গ) ১৯৭১ সালের ৭ই মার্চ (ঘ) ১৯৭১ সালের ২৫শে মার্চ — **গ**

## পঞ্চম অধ্যায় আমাদের মুক্তিযুদ্ধ

**১২৪. পাকিস্তান সৃষ্টির পর থেকেই শাসকগোষ্ঠী পূর্ব পাকিস্তানের প্রতি কেমন আচরণ করে?** *(জ্ঞান)*
(ক) বন্ধুসুলভ (খ) বৈষম্যমূলক
(গ) নিরপেক্ষ (ঘ) প্রগতিশীল — **খ**

**১২৫. পাকিস্তান সৃষ্টির পরে শাসক গোষ্ঠী প্রথমেই আঘাত করে কীসের উপর?** *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-২)*
(ক) বাংলার অর্থনীতির উপর (খ) বাংলা ভাষার উপর
(গ) বাংলার রাজনীতির উপর (ঘ) বাংলার প্রশাসনের উপর — **খ**

**১২৬. পাকিস্তানি শাসকগোষ্ঠী কোন ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করে?** *(জ্ঞান)*
(ক) পশতু (খ) ফারসি
(গ) আরবি (ঘ) উর্দু — **ঘ**



Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



১২৭. বাংলাদেশের মানুষ একটি আন্দোলনের মাধ্যমে পাকিস্তানি শাসকদের উর্দুকে রাষ্ট্রভাষা করার ঘোষণাকে প্রতিহত করেছিল। এখানে কোন আন্দোলনের কথা বলা হয়েছে? *(দক্ষতা)*
ⓚ শিক্ষা আন্দোলন ⓚ ভাষা আন্দোলন
(ক) শিক্ষা আন্দোলন (খ) ভাষা আন্দোলন
(গ) ছয় দফা আন্দোলন (ঘ) গণঅভ্যুত্থান **(খ)**

১২৮. কোন সালে ভাষা আন্দোলন হয়েছিল? *(জ্ঞান)*
(ক) ১৯৪৯ (খ) ১৯৫০
(গ) ১৯৫২ (ঘ) ১৯৫৪ **(গ)**

১২৯. জেনারেল আইয়ুব খান পাকিস্তানের ক্ষমতা দখল করেন কত সালে? *(জ্ঞান)*
(ক) ১৯৫৭ (খ) ১৯৫৮
(গ) ১৯৫৯ (ঘ) ১৯৬০ **(খ)**

১৩০. শাসন-শোষণ, নির্যাতন-নিপীড়ন থেকে মুক্তির লক্ষ্যে 'ক' এলাকার মানুষকে বার বার সংগ্রাম করতে হয়েছে। তাদের সাথে নিচের কাদের মিল রয়েছে? *(দক্ষতা)*
(ক) পাকিস্তানিদের (খ) পূর্ব পাকিস্তানিদের
(গ) ইংরেজদের (ঘ) আমেরিকানদের **(খ)**

১৩১. পূর্ব পাকিস্তানে শিক্ষা আন্দোলন হয়েছিল কত সালে? *(জ্ঞান)*
(ক) ১৯৫৯ (খ) ১৯৬০
(গ) ১৯৬১ (ঘ) ১৯৬২ **(ঘ)**

১৩২. কত সালে ছয় দফা আন্দোলন হয়েছিল? *(জ্ঞান)*
(ক) ১৯৫২ (খ) ১৯৬৬
(গ) ১৯৬৯ (ঘ) ১৯৭০ **(খ)**

১৩৩. পূর্ব পাকিস্তানে গণঅভ্যুত্থান সংঘটিত হয়েছে কত সালে? *(জ্ঞান)*
(ক) ১৯৬২ (খ) ১৯৬৬
(গ) ১৯৬৯ (ঘ) ১৯৭১ **(গ)**

১৩৪. ১৯৭০ সালে নিচের কোন ঘটনাটি ঘটেছিল? *(দক্ষতা)*
(ক) ভাষা আন্দোলন (খ) সাধারণ নির্বাচন
(গ) গণঅভ্যুত্থান (ঘ) মুক্তিযুদ্ধ **(খ)**

১৩৫. শেখ মুজিবুর রহমান ঢাকার রেসকোর্স ময়দানের বিশাল জনসভায় ভাষণ দেন কত তারিখে? *(জ্ঞান)*
(ক) ৭ই মার্চ, ১৯৭১ (খ) ৮ই মার্চ, ১৯৭১
(গ) ৯ই মার্চ, ১৯৭১ (ঘ) ১০ই মার্চ, ১৯৭১ **(ক)**

১৩৬. কত তারিখে পাকিস্তানি সেনাবাহিনী বাঙালির উপর ঝাঁপিয়ে পড়ে? *(জ্ঞান)*
(ক) ১৫ই মার্চ, ১৯৭১ (খ) ২৫শে মার্চ, ১৯৭১
(গ) ২৭শে মার্চ, ১৯৭১ (ঘ) ৩০শে মার্চ, ১৯৭১ **(খ)**

১৩৭. ১৯৭১ সালের ২৫শে মার্চ বাংলাদেশের ইতিহাসে 'কালরাত' হিসেবে পরিচিত কেন? *(দক্ষতা)*
(ক) ১৪৪ ধারা জারির জন্য
(খ) পাকিস্তান সেনাবাহিনীর গণহত্যার জন্য
(গ) ছাত্রদের মিছিলে পুলিশের গুলির জন্য
(ঘ) বুদ্ধিজীবীদের হত্যার জন্য **(খ)**

১৩৮. ২৫শে মার্চ রাতে বাঙালির ওপর আক্রমণকে পাকিস্তানি সেনাবাহিনী কী নাম দেয়? *(জ্ঞান)*
(ক) অপারেশন ক্লিনহার্ট (খ) অপারেশন রেবেল হান্ট
(গ) অপারেশন সার্চলাইট (ঘ) অপারেশন ড্রাগন আই **(গ)**

১৩৯. ২৬শে মার্চ বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন কে? *(জ্ঞান)*
(ক) কর্নেল ওসমানী (খ) তাজউদ্দীন আহমদ
(গ) এ কে খন্দকার (ঘ) মেজর জিয়াউর রহমান **(ঘ)**

১৪০. মেজর জিয়াউর রহমান কোথা থেকে স্বাধীনতার ঘোষণা দেন? *(দক্ষতা)*
(ক) নিজ বাসভবন (খ) কালুরঘাট বেতার কেন্দ্র
(গ) রেসকোর্স ময়দান (ঘ) রমনা পার্ক **(খ)**

১৪১. ২৭শে মার্চ শেখ মুজিবুর রহমানের পক্ষে স্বাধীনতার ঘোষণা দেন কে? *(জ্ঞান)*
(ক) জেনারেল মহম্মদ আতাউল গণি ওসমানী
(খ) কর্নেল আবদুর রব
(গ) মেজর জিয়াউর রহমান
(ঘ) মেজর খালেদ মোশাররফ **(গ)**

১৪২. বাংলাদেশের প্রথম সরকার কবে গঠিত হয়েছিল? *(জ্ঞান)*
(ক) ১৯৭১ সালের ২১শে মার্চ (খ) ১৯৭১ সালের ২৬শে মার্চ
(গ) ১৯৭১ সালের ১০ই এপ্রিল (ঘ) ১৯৭১ সালের ১৭ই এপ্রিল **(গ)**

১৪৩. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় গঠিত সরকার কী নামে পরিচিত ছিল? *(জ্ঞান)*
(ক) নির্দলীয় সরকার (খ) অন্তর্বর্তীকালীন সরকার
(গ) সর্বদলীয় সরকার (ঘ) মুজিবনগর সরকার **(ঘ)**

১৪৪. বাংলাদেশের প্রথম সরকার শপথ গ্রহণ করে কখন? *(জ্ঞান)*
(ক) ১০ই এপ্রিল, ১৯৭১ (খ) ১৭ই এপ্রিল, ১৯৭১
(গ) ২১শে এপ্রিল, ১৯৭১ (ঘ) ২৮শে এপ্রিল, ১৯৭১ **(খ)**

১৪৫. বাংলাদেশের প্রথম সরকারের প্রধানমন্ত্রী ছিলেন কে? *(জ্ঞান)*
(ক) তাজউদ্দীন আহমদ (খ) সৈয়দ নজরুল ইসলাম
(গ) মওলানা ভাসানী (ঘ) তোফায়েল আহমেদ **(ক)**

১৪৬. মুক্তিযুদ্ধ পরিচালনার জন্য সমগ্র দেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-২)*
(ক) ৯টি (খ) ১০টি
(গ) ১১টি (ঘ) ১২টি **(গ)**

১৪৭. বাংলাদেশকে স্বাধীন করতে কী গঠন করা হয়েছিল? *(জ্ঞান)*
(ক) ফৌজদার বাহিনী (খ) গোলন্দাজ বাহিনী
(গ) মুক্তিবাহিনী (ঘ) সম্মিলিত বাহিনী **(গ)**

১৪৮. মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি কে ছিলেন? *(জ্ঞান)*
(ক) জেনারেল মহম্মদ আতাউল গণি ওসমানী
(খ) কর্নেল আবদুর রব
(গ) মেজর কে এম শফিউল্লাহ
(ঘ) মেজর খালেদ মোশাররফ **(ক)**

১৪৯. মুক্তিবাহিনীর উপ-প্রধান সেনাপতি ছিলেন কে? *(জ্ঞান)*
(ক) কে এম শফিউল্লাহ (খ) খালেদ মোশাররফ
(গ) এ কে খন্দকার (ঘ) জিয়াউর রহমান **(গ)**

১৫০. মুক্তিবাহিনীকে কয়টি ব্রিগেড ফোর্সে ভাগ করা হয়েছিল? *(জ্ঞান)*
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫ **(খ)**

১৫১. কোন বাহিনী 'অপারেশন জ্যাকপট' অভিযান পরিচালনা করে? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-৩)*
(ক) নৌবাহিনী (খ) বিমানবাহিনী
(গ) সেনাবাহিনী (ঘ) পুলিশবাহিনী **(ক)**

১৫২. নিচের কোনটি মুক্তিযুদ্ধের সময় 'চরমপত্র' প্রচার করে? *(জ্ঞান)*
(ক) কালুরঘাট বেতারকেন্দ্র (খ) স্বাধীন বাংলা বেতারকেন্দ্র
(গ) অল-ইন্ডিয়া রেডিও (ঘ) বিবিসি **(খ)**

১৫৩. মুক্তিযুদ্ধে সাধারণ মানুষের অবদান থেকে আমরা কী শিখতে পারি? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
(ক) দেশকে ভালোবাসা (খ) সাহায্য করার কৌশল
(গ) যুদ্ধের কৌশল (ঘ) আত্মরক্ষার উপায় **(ক)**

১৫৪. কত তারিখে শহিদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়? *(জ্ঞান)*
(ক) ১৪ই ডিসেম্বর (খ) ১৫ই ডিসেম্বর
(গ) ১৬ই ডিসেম্বর (ঘ) ১৭ই ডিসেম্বর **(ক)**

১৫৫. মুক্তিযুদ্ধের সময় যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক শহরে 'কনসার্ট ফর বাংলাদেশ'-এর আয়োজন করেন জর্জ হ্যারিসন। তিনি কোন দেশের অধিবাসী? *(দক্ষতা)*
(ক) আমেরিকা (খ) ভারত
(গ) ইংল্যান্ড (ঘ) বাংলাদেশ **(গ)**

১৫৬. 'কনসার্ট ফর বাংলাদেশ' থেকে বাঙালি শরণার্থীদের সাহায্যার্থে কী পরিমাণ অর্থ দেওয়া হয়? *(জ্ঞান)*
(ক) প্রায় দুই লক্ষ ডলার (খ) প্রায় আড়াই লক্ষ ডলার
(গ) প্রায় তিন লক্ষ ডলার (ঘ) প্রায় চার লক্ষ ডলার **(খ)**

১৫৭. মুক্তিযুদ্ধের সময় যৌথবাহিনী গঠন করা হয় কখন? *(জ্ঞান)*
(ক) ১৯শে নভেম্বর, ১৯৭১ (খ) ২০শে নভেম্বর, ১৯৭১
(গ) ২১শে নভেম্বর, ১৯৭১ (ঘ) ২২শে নভেম্বর, ১৯৭১ **(গ)**



Talukdar Academy

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



১৫৮. যৌথবাহিনীর প্রধান ছিলেন কে? *(জ্ঞান)*
ক জগজিৎ সিং অরোরা খ এ আর জ্যাকব
গ জেনারেল নিয়াজি ঘ এমএজি ওসমানী **ক**

১৫৯. পাকিস্তানি বাহিনী আত্মসমর্পণ করে কখন? *(জ্ঞান)*
ক ২৬শে মার্চ, ১৯৭১ খ ৬ই ডিসেম্বর, ১৯৭১
গ ১৪ই ডিসেম্বর, ১৯৭১ ঘ ১৬ই ডিসেম্বর, ১৯৭১ **ঘ**

১৬০. ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর পাকিস্তানি সেনাবাহিনীর কত জন সৈন্য আত্মসমর্পণ করে? *(জ্ঞান)*
ক ৯০ হাজার খ ৯১ হাজার
গ ৯২ হাজার ঘ ৯৩ হাজার **ঘ**

১৬১. ১৬ই ডিসেম্বর আত্মসমর্পণ দলিলে স্বাক্ষরের সময় বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন কে? *(জ্ঞান)*
ক মহম্মদ আতাউল গণি ওসমানী
খ কর্নেল আবদুর রব
গ এয়ার কমোডর এ কে খন্দকার
ঘ মেজর খালেদ মোশাররফ **গ**

১৬২. কত তারিখে আমাদের বিজয় দিবস? *(জ্ঞান)*
ক ২১শে ফেব্রুয়ারি খ ২৬শে মার্চ
গ ১০ই এপ্রিল ঘ ১৬ই ডিসেম্বর **ঘ**

১৬৩. মুক্তিযুদ্ধে সাহসিকতা ও ত্যাগের জন্য কয়টি বীরত্বসূচক উপাধি প্রদান করা হয়? *(জ্ঞান)*
ক ১ খ ২
গ ৩ ঘ ৪ **ঘ**

১৬৪. খেতাবপ্রাপ্ত নারী মুক্তিযোদ্ধা কয় জন? *(জ্ঞান)*
ক ২ খ ৩
গ ৪ ঘ ৫ **ক**

১৬৫. তুমি কাদেরকে বাংলাদেশের শ্রেষ্ঠ সন্তান হিসেবে অভিহিত করবে? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
ক ব্যবসায়ীদের খ মুক্তিযোদ্ধাদের
গ লেখকদের ঘ রাজনীতিবিদদের **খ**

১৬৬. আমরা প্রতিবছর জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন করি। এর মাধ্যমে আমাদের মধ্যে কীসের প্রকাশ ঘটে? *(মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)*
ক আত্মপ্রেমের খ মুক্তিযুদ্ধের চেতনার
গ রাজনৈতিক সচেতনতার ঘ শান্তি ও প্রগতির **খ**

১৬৭. 'শহিদ দিবস' ও 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' পালন করা হয় কত তারিখে? *(জ্ঞান)*
ক ২১শে ফেব্রুয়ারি খ ২৬শে মার্চ
গ ১০ই এপ্রিল ঘ ১৬ই ডিসেম্বর **ক**

১৬৮. আমাদের 'স্বাধীনতা দিবস' কোনটি? *(জ্ঞান)*
ক ১৭ই এপ্রিল খ ২৬শে মার্চ
গ ১৪ই ডিসেম্বর ঘ ১৬ই ডিসেম্বর **খ**

## ষষ্ঠ অধ্যায় — বাংলাদেশের ঐতিহাসিক স্থান ও নিদর্শন

১৬৯. কোন শহর থেকে প্রায় ১৩ কিলোমিটার উত্তরে মহাস্থানগড় অবস্থিত? *(জ্ঞান)*
ক দিনাজপুর খ রাজশাহী
গ বগুড়া ঘ নওগাঁ **গ**

১৭০. মহাস্থানগড় কোন নদীর তীরে অবস্থিত? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-১)*
ক করতোয়া খ শীতলক্ষ্যা
গ বুড়িগঙ্গা ঘ ইছামতি **ক**

১৭১. কোন ঐতিহাসিক স্থানটি বাংলার ইতিহাসে ১৮ শত বছরের বেশি সময়ের সাক্ষ্য বহন করে? *(জ্ঞান)*
ক উয়ারী ও বটেশ্বর খ পানামনগর
গ মহাস্থানগড় ঘ ময়নামতি **গ**

১৭২. কখন মহাস্থানগড় পুণ্ড্রনগর নামে পরিচিত ছিল? *(জ্ঞান)*
ক পাল আমলে খ সেন আমলে
গ গুপ্ত আমলে ঘ মৌর্য আমলে **ঘ**

১৭৩. প্রাচীন ব্রাহ্মী শিলালিপি পাওয়া গেছে কোথায়? *(জ্ঞান)*
ক সোমপুর বিহারে খ পানামনগরে
গ ময়নামতিতে ঘ মহাস্থানগড়ে **ঘ**

১৭৪. 'খোদাই পাথর' কত মিটার লম্বা? *(জ্ঞান)*
ক ২.৩৫ খ ৪.৫৫
গ ৩.৩৫ ঘ ৩.৭৮ **গ**

১৭৫. তোমার বন্ধু নরসিংদী জেলার বেলাবো উপজেলায় বেড়াতে গেছে। সে কোন ঐতিহাসিক স্থানটি দেখতে পাবে? *(দক্ষতা)*
ক উয়ারী ও বটেশ্বর খ মহাস্থানগড়
গ ময়নামতি ঘ পানামনগর **ক**

১৭৬. উয়ারী-বটেশ্বরে খ্রিষ্টপূর্ব ৪৫০ অব্দের কোন আমলের পূর্বের নিদর্শন পাওয়া গেছে? *(জ্ঞান)*
ক আর্য খ মৌর্য
গ পাল ঘ সেন **খ**

১৭৭. নিচের কোন ঐতিহাসিক স্থানে নদীবন্দর ও বাণিজ্যনগর গড়ে উঠেছিল? *(জ্ঞান)*
ক ময়নামতিতে খ উয়ারী-বটেশ্বরে
গ মহাস্থানগড়ে ঘ পাহাড়পুরে **খ**

১৭৮. নিচের কোন সভ্যতা সমুদ্র বাণিজ্যের সাথে সম্পর্কিত? *(বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-২)*
ক মহাস্থানগড় খ ময়নামতি
গ উয়ারী-বটেশ্বর ঘ পাহাড়পুর **গ**

১৭৯. পাথরের হাতিয়ার, নানা ধরনের মৃৎপাত্র কোন স্থানের প্রাপ্ত নিদর্শন? *(দক্ষতা)*
ক সোমপুর বিহার খ পানামনগর
গ ময়নামতি ঘ উয়ারী-বটেশ্বর **ঘ**

১৮০. পাহাড়পুর বৌদ্ধ বিহার কী নামে পরিচিত? *(জ্ঞান)*
ক সোমপুর বিহার খ আনন্দ বিহার
গ ভোজ বিহার ঘ শালবন বিহার **ক**

১৮১. পাহাড়পুর বৌদ্ধ বিহার কোন রাজার শাসনামলে নির্মিত হয়? *(জ্ঞান)*
ক গোপালের খ মহীপালের
গ ধর্মপালের ঘ রামপালের **গ**

১৮২. পাহাড়পুর বৌদ্ধ বিহারে কত মিটার উঁচু গড় রয়েছে? *(জ্ঞান)*
ক ২৪ খ ২৫
গ ২৬ ঘ ২৭ **ক**

১৮৩. পাহাড়পুর বৌদ্ধ বিহারে মন্দিরের চতুর্দিকে বেষ্টন করে কতটি পাথরের মূর্তি রয়েছে? *(জ্ঞান)*
ক ৬১ খ ৬২
গ ৬৩ ঘ ৬৪ **গ**

১৮৪. ময়নামতি কোন শহরের কাছে অবস্থিত? *(জ্ঞান)*
ক বগুড়া খ নওগাঁ
গ রাজশাহী ঘ কুমিল্লা **ঘ**

১৮৫. ময়নামতি পরিদর্শনে গিয়ে 'ক' বিদ্যালয়ের শিক্ষার্থীরা কিছু ঐতিহাসিক নিদর্শন দেখেছে। তারা নিচের কোন নিদর্শনটি সেখানে দেখেছে? *(দক্ষতা)*
ক খোদাই পাথর
খ ছাপাঙ্কিত রৌপ্যমুদ্রা
গ জীবজন্তু অঙ্কিত পোড়ামাটির ফলক
ঘ পাথরের হাতিয়ার **গ**

১৮৬. ময়নামতির সবচেয়ে গুরুত্বপূর্ণ ঐতিহাসিক নিদর্শন কোনটি? *(জ্ঞান)*
ক আনন্দ বিহার খ শালবন বিহার
গ ভোজ বিহার ঘ সোমপুর বিহার **খ**



Talukdar Academy

Visit Our Website: all.talukdaracademy.com.bd

Visit Our Website: all.talukdaracademy.com.bd



১৮৭. শালবন বিহারে কতটি ভিক্ষুকক্ষ আছে? (জ্ঞান)
ক) ১১০ খ) ১১৫
গ) ১২০ ঘ) ১২৫ **খ**

১৮৮. খাদযুক্ত স্বর্ণমুদ্রা কোন স্থানের প্রাপ্ত নিদর্শন? (জ্ঞান)
ক) ময়নামতি খ) পাহাড়পুর
গ) মহাস্থানগড় ঘ) পানামনগর **ক**

১৮৯. তোমার বন্ধু ঐতিহাসিক পানামনগর ভ্রমণ করতে চায়। এক্ষেত্রে তুমি তাকে কোন স্থানটিতে যাওয়ার পরামর্শ দেবে? (দক্ষতা)
ক) পাহাড়পুর খ) সোনারগাঁও
গ) মহাস্থানগড় ঘ) ময়নামতি **খ**

১৯০. সোনারগাঁও কোন জেলায় অবস্থিত? (জ্ঞান)
ক) নারায়ণগঞ্জ খ) মুন্সিগঞ্জ
গ) ঢাকা ঘ) গাজীপুর **ক**

১৯১. প্রাচীন বাংলার মুসলমান সুলতানদের রাজধানী কোথায় ছিল? (জ্ঞান)
ক) পাহাড়পুর খ) সোনারগাঁও
গ) ময়নামতি ঘ) মহাস্থানগড় **খ**

১৯২. ঔপনিবেশিক আমলে সুতিবস্ত্রের ব্যবসা কেন্দ্রে পরিণত হয় কোন জায়গা? (জ্ঞান)
ক) পাহাড়পুর খ) সোনারগাঁও
গ) ময়নামতি ঘ) মহাস্থানগড় **খ**

১৯৩. কারা পানামনগরকে আবাসস্থল হিসেবে বেছে নিয়েছিল? (জ্ঞান)
ক) মুসলিম শাসকেরা খ) হিন্দু বণিকেরা
গ) হিন্দু রাজারা ঘ) বৌদ্ধ শীলরা **খ**

১৯৪. লালবাগ কেল্লা কোন নদীর তীরে অবস্থিত? (জ্ঞান)
ক) মেঘনা খ) যমুনা
গ) বুড়িগঙ্গা ঘ) পদ্মা **গ**

১৯৫. লালবাগ কেল্লার প্রথম নাম কী ছিল? (জ্ঞান)
ক) লাল কেল্লা খ) বাঁশের কেল্লা
গ) কেল্লা আওরঙ্গাবাদ ঘ) ইটের কেল্লা **গ**

১৯৬. লালবাগ কেল্লা কত সালে নির্মাণ করা হয়? (জ্ঞান)
ক) ১৬৮০ খ) ১৬৭৮
গ) ১৬৭৫ ঘ) ১৬৭১ **ঘ**

১৯৭. লালবাগ দুর্গটির নির্মাণ কাজ শুরু করেন কে? (জ্ঞান)
ক) শায়েস্তা খান খ) আওরঙ্গজেব
গ) ইসলাম খান ঘ) শাহজাদা মোহাম্মদ আযম **ঘ**

১৯৮. লালবাগ কেল্লা কত একর জায়গা জুড়ে বিস্তৃত? (জ্ঞান)
ক) ১৮ খ) ১৯
গ) ২০ ঘ) ২১ **ক**

১৯৯. মোগল ও বাঙালি স্থাপত্যশৈলীর সমন্বয়ে নির্মাণ করা হয়েছে কোনটি? (দক্ষতা)
ক) পাহাড়পুর খ) লালবাগ কেল্লা
গ) ময়নামতি ঘ) মহাস্থানগড় **খ**

২০০. নিচের কোন স্থানটিতে গেলে তুমি পরীবিবির সমাধি দেখতে পাবে? (দক্ষতা)
ক) লালবাগ কেল্লায় খ) পাহাড়পুরে
গ) মহাস্থানগড়ে ঘ) পানামনগরে **ক**

২০১. লালবাগ কেল্লার কোন দিকে শাহী মসজিদ অবস্থিত? (জ্ঞান)
ক) উত্তর-পূর্ব খ) দক্ষিণ-পশ্চিম
গ) উত্তর-পশ্চিম ঘ) পূর্ব-পশ্চিম **ঘ**

২০২. লালবাগ দুর্গের কোন দিকে গোপন প্রবেশ পথ রয়েছে? (জ্ঞান)
ক) পশ্চিম খ) পূর্ব
গ) উত্তর ঘ) দক্ষিণ **ঘ**

২০৩. জাদুঘরে কী সংরক্ষণ করা হয়? (জ্ঞান)
ক) বিভিন্ন প্রত্ন নিদর্শন খ) আধুনিক পোশাক
গ) প্রযুক্তিনির্ভর যন্ত্র ঘ) নতুন বইপত্র **ক**

২০৪. জাদুঘরের ভিতরে তুমি কেমন আচরণ করবে? (মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি)
ক) বিশৃঙ্খলা করব
খ) হৈচৈ করব
গ) নীরবতা ও শৃঙ্খলা বজায় রাখব
ঘ) উচ্চস্বরে কথা বলব **গ**

২০৫. 'ময়লা আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলবেন' প্রত্নতাত্ত্বিক স্থানে এই লেখাটি থাকে কেন? (বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-৩)
ক) সৌন্দর্য বর্ধন খ) পরিবেশ পরিচ্ছন্ন রাখা
গ) পর্যটকের দৃষ্টি আকর্ষণ ঘ) শৃঙ্খলা রক্ষা করা **খ**

## সপ্তম অধ্যায় ) দক্ষিণ এশিয়ার সাংস্কৃতিক বৈচিত্র্য

২০৬. দক্ষিণ এশিয়ার মানুষ হিসেবে আমরা একে অপরের সাথে কীসের বন্ধনে আবদ্ধ? (জ্ঞান)
ক) রাজনীতির খ) সংস্কৃতির
গ) অর্থনীতির ঘ) মানসিক **খ**

২০৭. আমরা বাংলাদেশে বসবাস করি। আমাদের প্রধান ভাষা কী? (দক্ষতা)
ক) বাংলা খ) অসমিয়া
গ) দিভেহি ঘ) গুজরাটি **ক**

২০৮. 'মাছে ভাতে বাঙালি' কথাটি কোন দেশের প্রচলিত খাবারের কথা মনে করিয়ে দেয়? (দক্ষতা)
ক) ভারত খ) বাংলাদেশ
গ) পাকিস্তান ঘ) মালদ্বীপ **খ**

২০৯. বাংলাদেশের প্রচলিত খাবার কোনটি? (বোর্ড বইয়ের অনুশীলনীর প্রশ্ন-১)
ক) পোলাও-মাংস খ) ভাত-মাছ
গ) বিরিয়ানি-কোরমা ঘ) রুটি-মাংস **খ**

২১০. বাংলাদেশের মুসলিম সম্প্রদায়ের প্রধান উৎসব কোনটি? (জ্ঞান)
ক) ঈদ-ই-মিলাদুন্নবী খ) আশুরা
গ) ঈদুল ফিতর ঘ) নওরোজ **গ**

২১১. সাবিত্রী রায় হিন্দু ধর্মাবলম্বী। তার প্রধান ধর্মীয় উৎসবের নাম কী? (দক্ষতা)
ক) পৌষ মেলা খ) বৌদ্ধপূর্ণিমা
